সমকাল

তারিখ · 20 MAR 2016 ···
পৃষ্ঠা ··· 8 ··· কলাম 6 ···

# ঢাবিতে ষষ্ঠ বায়োকেমিস্ট্রি অলিম্পিয়াড

■ সমকাল প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) কার্জন হলে সম্পন্ন হয়েছে ষষ্ঠ বায়োকেমিস্ট্রি অলিম্পিয়াড। ঢাকা ও ঢাকার বাইরের বিভিন্ন স্কুল-কলেজের পাঁচ শতাধিক মাধ্যমিক/ও লেভেল এবং উচ্চ মাধ্যমিক/ এ লেভেলের শিক্ষার্থীরা এ উৎসবে অংশ নেয়। দিনব্যাপী কুইজ, পরীক্ষা, পোস্টার প্রদর্শনী, বক্তৃতা আর আলোচনা শেষে বিজয়ী দুটি শিক্ষা প্রতিষ্ঠানকে মাইক্রোস্কোপ ও শিক্ষার্থীদের প্রাইজবন্ড দেওয়া হয়।

সকালে অলিম্পিয়াডের উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। ব্র্যাক ব্যাংক ও ঢাবির প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগের যৌথ উদ্যোগে অনুষ্ঠিত বায়োকেমিস্ট্রি অলিম্পিয়াডে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন এশিয়া প্যাসিফিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরী।

অলিম্পিয়াডে আরও উপস্থিত ছিলেন ব্র্যাক ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ মামদুদুর রশীদ, ঢাবির উপউপাচার্য অধ্যাপক ড. শহীদ আকতার হোসেন, অধ্যাপক ড. এম ইমদাদুল হক, অধ্যাপক ড. সায়েদুল ইসলাম ও শান্তনু সাহা রায়।